

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং- ০৬

তারিখঃ ০৯ শ্রাবণ, ১৪১৯ বঙ্গাব্দ।  
২৪ জুলাই, ২০১২ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী

প্রিয় মহোদয়,

সরকারি সিকিউরিটিজে তফসিলি ব্যাংকগুলোর বিনিয়োগ সুশমকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকগুলো ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০০৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৩ ধারা মোতাবেক সহজে বিনিয়োগ্য সম্পদ সংরক্ষণ করার উদ্দেশ্যে ট্রেজারি বিল ও বন্ড ধারণ করে থাকে। ধারণকৃত ট্রেজারি বিল ও বন্ড ব্যাংকগুলোর দায়ের বিপরীতে তারল্য আচ্ছাদন (Liquidity Coverage) হিসেবেও কাজ করে। বর্তমানে ব্যাংকিং খাতে সামগ্রিকভাবে ট্রেজারি বিল ও বন্ডের ধারণ সুশমভাবে বিন্যস্ত নয়। এ বন্টন সঙ্গতিপূর্ণ করার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিলাম পঞ্জিকা অনুসারে ইস্যুতব্য ট্রেজারি বিল/বন্ডের ঘোষিত পরিমাণ (Notified amount) এর শতকরা ৬০ ভাগ প্রাইমারি ডিলার ব্যাংক এবং অবশিষ্ট ৪০ ভাগ পরিশিষ্ট-খ এ উল্লিখিত ২৫টি তফসিলি ব্যাংকের মধ্যে বন্টিত হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, প্রাইমারি ডিলার ব্যাংক ছাড়া অন্যান্য ব্যাংক এ পদ্ধতিতে ট্রেজারি বিল/বন্ড ক্রয় করলেও তারা প্রাইমারি ডিলার হিসেবে গণ্য হবে না। তবে তারল্য ব্যবস্থাপনার স্বার্থে প্রাইমারি ডিলারদের পাশাপাশি নন-পিডি ব্যাংকগুলোকেও অত্র বিভাগের ২২/০২/২০১২ তারিখের ডিএমডি ০১/২০১২ নং সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে তারল্য সুবিধা (Assured Liquidity Support) প্রদান করা হবে। নতুন নিলাম পদ্ধতি ও ব্যাংকগুলোর মধ্যে ট্রেজারি বিল/বন্ড বন্টন প্রক্রিয়া পরিশিষ্ট-ক এ সন্নিবেশিত হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো।

আগামী ১ আগস্ট, ২০১২ হতে উপরোক্ত নির্দেশনা কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১

ট্রেজারি বিল/বন্ডের নিলাম ও বন্টন পদ্ধতি ।

নিম্নবর্ণিত পদ্ধতিতে ট্রেজারি বিল/বন্ডের নিলাম ও বন্টন সম্পাদিত হবেঃ

(ক) নিলাম পঞ্জিকা অনুসারে ইস্যুতব্য ট্রেজারি বিল ও বন্ডের ঘোষিত পরিমাণের (notified amount) শতকরা ৬০ ভাগ প্রাইমারি ডিলার ব্যাংকগুলোর (১২টি) মধ্যে এবং অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অন্যান্য ২৫টি ব্যাংকের (পরিশিষ্ট-খ) মধ্যে বণ্টিত হবে ।

(খ) প্রাইমারি ডিলার ব্যাংকগুলোর জন্য নির্ধারিত পরিমাণ (notified amount এর ৬০%) এর অর্ধেকাংশ (৩০%) নিলামের মাধ্যমে ইস্যু করা হবে । অপর অর্ধেকাংশ (notified amount এর ৩০%) নিলাম ছাড়া সকল পিডি'র মধ্যে সমভাবে বণ্টিত হবে । এ নিলামে পিডিদের underwriting obligation নির্ধারণে পিডি ও নন-পিডি ব্যাংকগুলোর সর্বশেষ প্রাপ্ত (CRR/SLR হিসাবায়নের জন্য) মোট তলবী ও মেয়াদি দায়কে (Total Demand and Time Liabilities-TDTL) মূল ভিত্তি হিসেবে বিবেচনা করা হবে । উল্লিখিত TDTL এর অন্তর্গত প্রাইমারি ডিলার ব্যাংকগুলোর মোট আনুপাতিক দায়কে (total proportion of PDs in TDTL) ১০০% এ রূপান্তর করে স্ব স্ব DTL এর শেয়ার অনুপাতে পিডিদের underwriting obligation মাসিক ভিত্তিতে নির্ধারণ করা হবে । পিডিদের জন্য অনুষ্ঠিতব্য নিলামে নন-পিডি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানও অংশগ্রহণ করতে পারবে । উক্ত নিলামে ট্রেজারি বিল ও বন্ডের যে cut-off price নির্ধারিত হবে সেই cut-off price নিলাম বহির্ভূত অন্য অর্ধেক পরিমাণ (notified amount এর ৩০%) বিল/বন্ড পিডিদের মধ্যে সমভাবে বন্টনের বেলায় বিক্রয়মূল্য হিসেবে ব্যবহৃত হবে । উদাহরণস্বরূপ, যদি ১০০ কোটি টাকার notified amount থাকে, সেখানে পিডিদের জন্য নির্ধারিত হবে ৬০ কোটি টাকা । এ ৬০ কোটি টাকার ৫০% অর্থাৎ ৩০ কোটি টাকার ট্রেজারি বিল/বন্ড উন্মুক্ত নিলামের মাধ্যমে ইস্যু করা হবে, যেখানে TDTL এর ভিত্তিতে পিডিদের underwriting obligation নির্ধারিত হবে । অন্য ৫০% অর্থাৎ ৩০ কোটি টাকা পিডিদের মধ্যে সমভাবে বণ্টিত হবে । এক্ষেত্রে নিলামের cut-off price ট্রেজারি বিল/বন্ডের বিক্রয়মূল্য হিসেবে বিবেচিত হবে ।

(গ) নন-পিডিদের মধ্যে বন্টনযোগ্য (notified amount এর ৪০%) ট্রেজারি বিল/বন্ডের জন্য কোন নিলাম হবে না অর্থাৎ এ ক্ষেত্রে কোন বিড দাখিলের প্রয়োজন পড়বে না । উপরোক্ত “খ” ক্রমিকে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক ২৫টি নন-পিডি ব্যাংকের obligation হিসাবায়ন করা হবে । “খ” ক্রমিকে বর্ণিত নিলামে ট্রেজারি বিল/বন্ডের যে cut-off price নির্ধারিত হবে তাকে বিক্রয়মূল্য গণ্য করে স্ব স্ব obligation অনুসারে নন-পিডি ব্যাংকগুলোর মধ্যে উল্লিখিত notified amount (৪০%) বন্টন করা হবে ।

(ঘ) পিডি-ব্যাংকগুলোর জন্য ‘খ’ ক্রমিকে উল্লিখিত নিলামে কোন নন-পিডি ব্যাংক অংশগ্রহণ করে ট্রেজারি বিল/বন্ড প্রাপ্ত হলেও তাতে সংশ্লিষ্ট নন-পিডি ব্যাংকের গৃহীতব্য সিকিউরিটিজের পরিমাণ (‘গ’ ক্রমিকে উল্লিখিত) হ্রাস পাবে না ।

(ঙ) সর্বশেষ প্রাপ্ত মোট তলবী ও মেয়াদি দায়ের (TDTL) এর ভিত্তিতে নির্ধারিত প্রাইমারি ডিলারদের underwriting obligation এর হার ও নন-প্রাইমারি ডিলারদের বাধ্যতামূলক সিকিউরিটিজ গ্রহণের হার নিলাম অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের শেষ সপ্তাহে যথারীতি অবহিত করা হবে ।

## নন-প্রাইমারি ডিলার ব্যাংকের তালিকা ।

ক্রমিক নং	নন-প্রাইমারি ডিলার ব্যাংকের নাম
১.	রূপালী ব্যাংক লি.
২.	ব্যাংক এশিয়া লি.
৩.	বাংলাদেশ কমার্স ব্যাংক লি.
৪.	ব্র্যাক ব্যাংক লি.
৫.	ঢাকা ব্যাংক লি.
৬.	ডাচ-বাংলা ব্যাংক লি.
৭.	ইস্টার্ন ব্যাংক লি.
৮.	আইএফআইসি ব্যাংক লি.
৯.	ওয়ান ব্যাংক লি.
১০.	প্রিমিয়ার ব্যাংক লি.
১১.	পূবালী ব্যাংক লি.
১২.	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.
১৩.	দি সিটি ব্যাংক লি.
১৪.	দি ট্রাস্ট ব্যাংক লি.
১৫.	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.
১৬.	ব্যাংক আলফালাহ
১৭.	সিটি ব্যাংক এন. এ.
১৮.	কমার্শিয়াল ব্যাংক অব সিলন লি.
১৯.	হাবিব ব্যাংক
২০.	এইচএসবিসি
২১.	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান
২২.	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
২৩.	স্ট্যান্ডার্ড চার্টার্ড
২৪.	উরি ব্যাংক
২৫.	বেসিক ব্যাংক লি.